

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯৬১

আগরতলা, ২২ নভেম্বর, ২০১৮

তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা শুরু

রাস পূর্ণিমা উপলক্ষে তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী মোহনপুর মহকুমার ব্রহ্মকুন্ডে শুরু হয়েছে। বিধানসভার অধ্যক্ষ রেবতীমোহন দাস আজ বিকেলে এই মেলার উদ্বোধন করেন। জাতি-উপজাতি সকল অংশের মানুষের উপস্থিতিতে এই মেলার উদ্বোধন করে অধ্যক্ষ শ্রীদাস বলেন, মেলা হল মিলনক্ষেত্র। মেলাকে কেন্দ্র করে এখানে জাতি-উপজাতি সহ বিভিন্ন ধর্ম-বর্ণের মানুষ মিলিত হয়েছে। তিনি সকলকে সুন্দর ও শান্তিপূর্ণভাবে এই মেলা উপভোগ করার আহ্বান জানিয়েছেন। অনুষ্ঠানের সভাপতি মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক বৃষকেতু দেববর্মা সংক্ষিপ্ত ভাষণে ব্রহ্মকুন্ড মেলাকে এক মিলন মেলা হিসেবে অভিহিত করে এই এলাকার উন্নয়নে গুরুত্ব আরোপ করেছেন। তাছাড়া উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন অনুষ্ঠানের বিশেষ অতিথি হেজামারা বি এ সি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা, এস টি কর্পোরেশনের চেয়ারম্যান মঙ্গল দেববর্মা, সমাজসেবী অসিত রায় ও অরুণ মজুমদার। উপস্থিত ছিলেন সমাজসেবী নিরোদ দেববর্মা, রণজিৎ দেববর্মা, সীতেশ আচার্য্য, জয়নাল দাস এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের এস আই ও আমৃত দেববর্মাও। স্বাগত ভাষণ দেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক প্রসূন দে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের শিল্পীগণ উদ্বোধনী সংগীত পরিবেশন করেন।

ব্রহ্মকুন্ড মেলা উপলক্ষে প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে। মেলা প্রাঙ্গণে ৩ টি সমবায় ক্লাস্টার সহ বিভিন্ন দপ্তর প্রদর্শনী মন্ডপও খুলেছে। উপাধ্যক্ষ রেবতী মোহন দাস সহ অতিথিগণ প্রদর্শনী মন্ডপগুলি পরিদর্শন করেন। পরে অধ্যক্ষ রেবতী মোহন দাস ব্রহ্মকুন্ড উপস্বাস্থ্য কেন্দ্রেরও উদ্বোধন করেন।
